বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান পানি ব্যবস্থাপনা'র দপ্তর
পানি ভবন
ব্লক-বি, লেভেল-৯(১০ম তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
মোবাইল ঃ ০১৩১৮২৩৫১৪৩, ০১৭১৬৪৯৬৬৬৮
ইমেইল:watermanagement.bwdb@gmail.com
ওয়েব: www.bwdb.gov.bd

Bangladesh Water Development Board
Office of the Chief Water Management
Pani Bhaban
Block-B, Level-9 (9th Floor)
72, Green Road, Dhaka-1205
Mobile ঃ 01318235143, 01716496668
email:watermanagement.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

স্মারক নং-                                                                 তারিখঃ                খ্রিঃ।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের ব্যবহার যোগ্য **থাই গ্লাস পার্টিশন** যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে এক লটে নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২৫/০২/২০২১খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নিলাম দরপত্র দাখিল করা যাইবে। নিলামের শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১. নিলামে অংশগ্রহনে ইচ্ছুকগণ ২৪/০২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে ১১.০০ ঘটিকা হতে ১৩.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের সহকারী পরিচালক এর সহিত যোগাযোগ করে অত্র দপ্তরে নিলামের জন্য রক্ষিত থাই গ্লাস পার্টিশন পরিদর্শন করতে এবং উক্ত মালামাল সমূহের সিডিউল জনতা ব্যাংক, দিলকুশা কর্পোরেট শাখা হতে গ্রহণ করতে পারবেন।

২. নিলামে অংশ গ্রহণের নিমিত্তে ২৪/০২/২০২১ খ্রিঃ তারিখ ব্যাংকিং সময় সীমার মধ্যে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক দরপত্রের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মাত্র (অফেরত যোগ্য) জনতা ব্যাংক, দিলকুশা কর্পোরেট শাখায় **"উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা"** এর বরাবরে পে-অর্ডারের মাধ্যমে নিলাম সিডিউল ক্রয় করতে হবে।

৩. নিলাম বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত সিডিউলে স্পষ্টাক্ষরে উক্ত মালামালের বিপরীতে একক দর ও মোট দর অংকে এবং কথায় উল্লেখ করে সীলগালা করা খামের উপরে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক ২৫/০২/২০২১খ্রিঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত সময়ে, প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর,৭২ গ্রীনরোড,বাপাউবো, ঢাকা দপ্তরে রক্ষিত নির্দিষ্ট নিলাম দরপত্রের বাক্সে ফেলতে হবে। উদ্ধৃত দরের ২(দুই)% পরিমান টাকা পে-অর্ডারের মাধ্যমে (**"উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা এর বরাবরে"**) নিলাম দরপত্রের সাথে দাখিল করতে হবে। বিশেষ ভাবে উল্লেখ্য যে, প্রতি পাতায় সীল স্বাক্ষর সঠিক ভাবে সম্পন্ন করতে হবে। প্রতিটি দরপত্র সঠিক ভাবে পুরন করতে হবে। উল্লেখ্য যে, ডাকযোগে নিলাম দরপত্র প্রেরণ করিলে উপরে উল্লেখিত সময়ের পূর্বে অত্র দপ্তরে পৌছাইতে হইবে। উক্ত সময়ের পরে পৌছালে উক্ত দরপত্র গৃহীত হইবে না।

৪. নিলামে সর্বোচ্চ উদ্ধৃত দর দাতাকে (সকল শর্ত পূরন স্বাপেক্ষে) কার্যাদেশ প্রাপ্তির পর ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল নিজ দায়িত্বে সরিয়ে নিতে হবে। উল্লেখ্য, কার্যাদেশ প্রাপ্ত দরদাতাকে নিলাম মালামাল সরানোর আগেই নিলাম ডাকের মূল্য এবং নিলাম ডাকের মূল্যের অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট এর পৃথক পৃথক পে-অর্ডার **"উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা"** এর বরাবরে পে-অর্ডার কাটতে হবে এবং উল্লেখিত পে-অর্ডার সমুহ উপ-পরিচালক, অত্র দপ্তরের নিকট দাখিল করতে হবে। অন্যথায়, ডাক বাতিল পূর্বক সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে অথবা পুন:নিলাম ডাকের আয়োজন করা হবে।

৫. সর্বোচ্চ উদ্ধৃত দরদাতার দর গ্রহণ করতে নিম্নস্বাক্ষরকারী বাধ্য নহেন। নিম্নস্বাক্ষরকারী সকল দর কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিলের এবং নিলামকৃত মালামাল সরানোর কাজ শুরুর তারিখ পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ
(মাহফুজ আহমদ)
প্রধান পানি ব্যবস্থাপনা
বাপাউবো, ঢাকা

স্মারক নং- ৫৬৭/প্রপাব্য:                                                   তারিখঃ ৩১/১/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলোঃ

১. পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. সিষ্টেম এনালিস্ট, সেন্টাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। তাঁহাকে নিলাম বিজ্ঞপ্তিটি বাপাউবোর ওয়েব সাইটে (www.bwdb.gov.bd/) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৫. ম্যানেজার, জনতা ব্যাংক, দিলকুশা কর্পোরেট শাখা, ঢাকা। এতদসঙ্গে ১০ (দশ)টি নিলাম দরপত্র সিডিউল প্রেরিত হলো। অতিরিক্ত দরপত্র সিডিউলের প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। তাঁহাকে প্রেরনকৃত নিলাম দরপত্র সিডিউল **"উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা"** এর বরাবরে পে-অর্ডারের মাধ্যমে ২৪/০২/২০২১খ্রিঃ তারিখ ব্যাংকিং লেনদেন সময়সীমা পর্যন্ত বিক্রয় করতঃ অবিক্রিত সিডিউল এবং প্রাপ্ত পে-অর্ডারসমুহ অত্র দপ্তরে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
৬. পিএ টু অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) বাপাউবো, ঢাকা।
৭. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
৮. দপ্তর কপি।

Mostafa
31.01.2021
মোস্তফা আল আমিন
সহকারী পরিচালক(প্রশাসন)
প্রধান পানি ব্যবস্থাপনার দপ্তর
বাপাউবো,ঢাকা